রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শনিবার, মে ১৬, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৭ বৈশাখ, ১৪২২ বঙ্গাব্দ/১০ মে ২০১৫ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৯৪-আইন/২০১৫।**— বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৩৮, ধারা ৮, ১৯(৩) এবং ২৮(২) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল (ডেভেলপার নিয়োগ, ইত্যাদি) বিধিমালা, ২০১৪ এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ৫ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত "৩০ (ত্রিশ)" সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে "৫০ (পঞ্চাশ)" সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(২) বিধি ৬ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৬ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৬। **ডেভেলপারের যোগ্যতা।**—কোন ব্যক্তি ডেভেলপার হিসাবে নিয়োগ লাভের জন্য যোগ্য হইবেন না যদি না তাহার নিম্নবর্ণিত যোগ্যতা থাকে, যথা ঃ—

(ক) একক, মাল্টিপ্রডাক্ট অর্থনৈতিক অঞ্চল, বিশেষ অর্থনৈতিক অঞ্চল, শিল্প পার্ক বা ফ্রি পোর্ট প্রতিষ্ঠা এবং পরিচালনা অথবা কোন বৃহদাকার প্রকল্পের উন্নয়ন, অবকাঠামো নির্মাণ, ব্যবস্থাপনা ও পরিচালনায় অভিজ্ঞতা;

(খ) অন্যূন একটি অর্থনৈতিক অঞ্চল, বিশেষ অর্থনৈতিক অঞ্চল, শিল্প পার্ক, ফ্রি পোর্ট অথবা কোন বৃহদাকার প্রকল্পের ডিজাইন তৈরি করিবার অভিজ্ঞতা অথবা অর্থায়নের অভিজ্ঞতা;


**মূল্য ঃ** টাকা ৪.০০

(গ) বিগত ৩ (তিন) বৎসরের মধ্যে অর্থনৈতিক অঞ্চল, বিশেষ অর্থনৈতিক অঞ্চল, শিল্প পার্ক, ফ্রি পোর্ট অথবা কোন বৃহদাকার প্রকল্প পরিচালনার ক্ষেত্রে প্রতি বৎসরে গ্রস রেভিনিউ এর পরিমাণ ১০ (দশ) মিলিয়ন মার্কিন ডলার; এবং

(ঘ) নীট সম্পদ (Net worth) অন্যূন ২৫ (পঁচিশ) মিলিয়ন মার্কিন ডলার।

**ব্যাখ্যা**।—এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে "বৃহদাকার প্রকল্প" অর্থ কোন প্রকল্প যাহাতে মোট বিনিয়োগের পরিমাণ, প্রকল্পের প্রসারকরণের জন্য চলমান মূলধন ব্যতীত, ২.৫ (দুই দশমিক পাঁচ) বিলিয়ন টাকার উর্ধ্বে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাফিউল হাসান**
পরিচালক।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd